**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল প্রস্তাবিত স্টেট ক্যাপিটাল প্ল্যানের অংশ হিসাবে নিউ ইয়র্ক স্টেট জুড়ে সম্প্রদায়গুলিকে পুনরায় সংযুক্ত করার জন্য অভূতপূর্ব বিনিয়োগের কথা ঘোষণা করেছেন

***বাফেলোতে কেনসিংটন এক্সপ্রেসওয়ের প্রকল্প, রচেস্টারের ইনার লুপ, সাইরাকিউজে I-81, হান্টস পয়েন্ট অ্যাক্সেস প্রজেক্ট, এবং ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে সম্প্রদায়গুলিকে পুনর্মিলিত করার এবং অতীতের ভুলগুলিকে সংশোধন করার প্রজন্মে একবার আশা সুযোগের প্রতিনিধিত্ব করে***

***স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন কেনসিংটন এক্সপ্রেসওয়েতে ফেডারেলগতভাবে প্রয়োজনীয় প্রক্রিয়া শুরু করেছে; ঐতিহাসিক হামবোল্ট পার্কওয়ে পুনরুদ্ধার করার বিকল্পগুলি মূল্যায়ন করবে এবং কেনসিংটনের নির্মাণের ফলে বিভক্ত চারপাশের এলাকাগুলির পুনঃসংযোগের বিকল্পগুলি পরীক্ষা করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে প্রস্তাবিত 32.8 বিলিয়ন ডলারের স্টেট ক্যাপিটাল প্ল্যানে আছে প্রায় 3 বিলিয়ন ডলার পরিকাঠামো প্রকল্পগুলির জন্য, যা সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে সম্প্রদায়গুলির জন্য সমতা, সংযোগ এবং বহু-বীধ পরিবহনের সুযোগগুলি উন্নীত করে। এই অভূতপূর্ব এবং নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য করা বিনিয়োগ, যা গভর্নর তার সাম্প্রতিক এক্সিকিউটিভ বাজেট ভাষণে হাইলাইট করেছেন, তা এলাকাগুলি পুনর্মিলিত করতে, অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নীত করার এবং নিউ ইয়র্কের বহু গুরুত্বপূর্ণ নগর কেন্দ্রকে পুনরুজ্জীবিত করার একটি প্রজন্মে একবারই আশা সুযোগের প্রতিনিধিত্ব করে।

গভর্নর আজ সকালে কেনসিংটন এক্সপ্রেসওয়ের কাছে একটি ইভেন্টে বাফেলোতে এই বিনিয়োগগুলিকে হাইলাইট করেছেন, যার নির্মাণ ঐতিহাসিক ওলমস্টেড-পরিকল্পিত হামবোল্ট পার্কওয়েকে সরিয়ে দিয়েছে এবং একটি ভূগর্ভস্থ নিম্ন-গ্রেড এক্সপ্রেসওয়ে নির্মাণের সাথে আশেপাশের এলাকাগুলিকে বিভক্ত করেছে।

"অ্যাসফল্ট হাইওয়ের দ্বারা বিচ্ছিন্ন চারপাশের এলাকাগুলিকে পুনরায় সংযোগ করা একটি উন্নত নিউ ইয়র্কের জন্য আমাদের সাহসী পরিকাঠামোগত দৃষ্টিভঙ্গির ভিত্তি," **গভর্নর হোচুল বলেন।** "উন্নত পরিকাঠামো মানে উন্নত জীবনের মান, এবং বাফেলোতে কেনসিংটন এক্সপ্রেসওয়ের আশেপাশের এবং আমাদের রাজ্য জুড়ে সম্প্রদায়গুলির এর থেকে কম কিছু প্রাপ্য নয়। এই প্রকল্পগুলি নিরাপদ এবং নির্ভরযোগ্য পরিবহন নেটওয়ার্ক, সম্প্রদায়গুলিকে

একত্রিত করার জন্য ডিজাইন করা ল্যান্ডস্কেপ এবং পথচারী এবং বাইকারদের জন্য অনুকূল রুটগুলির মাধ্যমে অতীতের ভুলগুলি সংশোধন করতে সহায়তা করবে।"

বাফেলোতে আজকের ঘোষণার অংশ হিসাবে, গভর্নর হোকল এও ঘোষণা করেছেন যে রাজ্যের পরিবহণ বিভাগ (State Department of Transportation) ছয় দশকেরও বেশি আগে কেনসিংটন এক্সপ্রেসওয়ে নির্মাণের ফলে বিভক্ত বাফেলো শহরের পূর্ব-পশ্চিম এলাকাগুলিকে পুনরায় সংযুক্ত এবং পুনরুদ্ধারের বিকল্পগুলি মূল্যায়ন করার জন্য একটি পরিবেশগত পর্যালোচনা শুরু করবে। ফেডারেলভাবে প্রয়োজনীয় পর্যালোচনাটি একটি পছন্দের বিকল্প অর্জনের লক্ষ্যে বর্তমান এক্সপ্রেসওয়ের আংশিক বা সম্পূর্ণ আওতাভুক্তির সাথে সম্পর্কিত পরিবেশগত, সম্প্রদায়, অর্থনৈতিক এবং অন্যান্য প্রভাবগুলি পরীক্ষা করবে। স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন ফেডারেল হাইওয়ে অ্যাডমিনিস্ট্রেশনের (Federal Highway Administration) সাথে আক্রমনাত্মকভাবে কাজ করবে পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়াটিকে সুবিন্যস্ত করতে। স্বচ্ছতা এবং সম্প্রদায়কে জড়িত করার জন্য রাজ্যের অঙ্গীকারের অংশ হিসাবে, পাবলিক স্কোপিং প্রক্রিয়া এই বসন্তে শুরু হবে এবং একটি প্রাথমিক স্কোপিং রিপোর্ট পরে এই গ্রীষ্মে সম্পন্ন হবে।

1950 এবং 1960 এর দশকে নির্মিত, কেনসিংটন এক্সপ্রেসওয়েটি ফ্রেডরিক ল্য ওলমস্টেড দ্বারা ডিজাইন করা একটি বিশাল, গাছের সারিযুক্ত বুলেভার্ড ঐতিহাসিক হাম্বোল্ট পার্কওয়ে, যা আশেপাশের এলাকার মধ্যে সংযোগ বিচ্ছিন্ন করে, সেটি প্রতিস্থাপন করে একটি ভগর্ভস্থ হাইওয়ে দিয়ে। আসল বুলেভার্ডটি হাম্বোল্ট পার্ককে সংযুক্ত করেছে (বর্তমানে মার্টিন লুথার কিং, জুনিয়র পার্ক) ডেলাওয়ার পার্কের সাথে।

পরিবহণ বিভাগ দ্বারা অগ্রসর করা পর্যালোচনাটি নতুন উন্মুক্ত সর্বজনীন স্থান তৈরি, সাইকেল এবং পথচারীদের নিরাপত্তা বৃদ্ধি এবং শব্দ ও বায়ু দূষণের বর্তমান বিরূপ প্রভাবগুলি হ্রাস করার সুযোগগুলি মূল্যায়ন করবে। পর্যালোচনাটি পুনঃসংযুক্ত আশপাশের এলাকাগুলির মধ্যে নিরাপদ যানবাহন পরিচালনার সুবিধার্থে স্থানীয় সড়কপথের উন্নতির মূল্যায়ন করবে। প্রকল্পের সীমানায় ইস্ট ফেরি স্ট্রিটের পূর্ব সীমা এবং বেস্ট স্ট্রিটের পশ্চিম সীমা অন্তর্ভুক্ত। এক্সপ্রেসওয়েতে প্রতিদিন প্রায় 80,000 গাড়ি চলাচল করে।

স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন বাফেলো সিটি, গ্রেটার বাফেলো-নায়াগ্রা রিজিওনাল ট্রান্সপোর্টেশন কাউন্সিল এবং প্রতিবেশী সম্প্রদায়গুলির সাথে এই গুরুত্বপূর্ণ প্রকল্প অগ্রগতির সাথে সাথে সহযোগিতামূলকভাবে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

**স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন কমিশনার মেরি থেরেসে ডমিনগুয়েজ বলেন**, "কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পটি বাফেলো শহরের এবং তার আশেপাশে নিরাপত্তা এবং গতিশীলতা বাড়ানোর একটি ঐতিহাসিক সুযোগের প্রতিনিধিত্ব করে এবং আরো গুরুত্বপূর্ণভাবে, আশেপাশের এলাকাগুলিকে আবার সংযুক্ত করে যেগুলি অর্ধ শতাব্দীরও বেশি সময় ধরে বিভক্ত ছিল। পরিবহণ বিভাগ এই পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়া শুরু করতে পেরে উচ্ছাসিত এবং মহান বাফেলো শহরের মধ্যে এবং আমাদের মহান নিউ ইয়র্ক স্টেট জুড়ে প্রতিবেশীদের একে অপরের সাথে পুনরায় সংযোগ স্থাপনে সহায়তা করার জন্য সম্প্রদায়গুলি এবং আমাদের সমস্ত অংশীদারদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

**নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্মার্ট পরিকাঠামো বিনিয়োগের মাধ্যমে সম্প্রদায়গুলিকে পুনরায় সংযুক্ত করা:**

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তী যুগের মহাসড়কের সম্প্রসারণ সারা দেশে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের মধ্যে ছড়িয়ে পড়েছে যা এই এলাকাগুলিকে এমনভাবে বিচ্ছিন্ন করে যার আজও মেরামতের প্রয়োজন আছে। মানুষ তাদের বাড়িঘর এবং তাদের ব্যবসা হারিয়েছে; সামাজিক সংযোগগুলি ধাবমান গাড়ি এবং যানবাহনের নির্গমন দ্বারা প্রতিস্থাপিত হয়েছিল। নিউ ইয়র্ক স্টেট এই ধ্বংসাত্মক পথ থেকে অনাক্রম্য ছিল না, যা নিম্ন আয়ের এবং সংখ্যালঘু সম্প্রদায়গুলির উপর অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাব ফেলেছিল ব্রঙ্কস ডাউনস্টেট থেকে বাফেলো এবং সাইরাকিউজ আপস্টেট পর্যন্ত এবং তার মধ্যে বহু জায়গায়।

গভর্নর হোকল কয়েক দশক আগে থেকে হওয়া পরিবহনের ত্রুটিগুলির ক্ষতি মেরামত করতে অঙ্গীকারবদ্ধ। অত্যাধিক শব্দসহ, দূষণকারী মহাসড়কগুলির পরিবর্তে এই প্রকল্পগুলি হাঁটা, সাইকেল চালানো, সক্রিয় রাস্তাসমূহ এবং সম্প্রদায় এবং সম্প্রদায়গুলি ও ছোট ব্যবসাগুলিকে একত্রিত করার জন্য ডিজাইন করা পরিবেশগত স্থানগুলিকে অগ্রাধিকার দেবে। অতীতের পরিকাঠামোগত সিদ্ধান্তগুলির দ্বারা বিচ্ছিন্ন করা সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করতে নিউ ইয়র্ককে অবশ্যই তার আজকের পরিকাঠামোর সুযোগগুলিকে ব্যবহার করতে হবে। রাজ্যের ক্যাপিটাল পরিকল্পনায় এই ত্রুটিগুলি সংশোধন করার জন্য পরবর্তী পাঁচ বছরের মেয়াদে প্রায় 3 বিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে রয়েছে:

**হান্টস পয়েন্টে ব্রুকনার-শেরিডান ইন্টারচেঞ্জ পুনর্গঠনের মাধ্যমে দক্ষিণ ব্রঙ্কসকে পুনরুজ্জীবিত করা** - বর্তমানে NYSDOT দ্বারা নির্মাণাধীন এই প্রকল্পটি, অতীতের পরিকল্পনার ত্রুটিগুলি সংশোধন করে, স্বাস্থ্য সুরক্ষা এবং নিরাপত্তা বৃদ্ধি করে দক্ষিণ ব্রঙ্কসের আশেপাশের এলাকাগুলিকে রূপান্তরিত করবে। ব্রুকনার ভায়াডাক্টের পুনর্বাসনের সাথে নতুন হাইওয়ে ইন্টারচেঞ্জ, প্রবেশদ্বার এবং প্রস্থানের র্যাম্পগুলির নির্মাণ স্থানীয় আবাসিক এলাকাগুলিতে বাণিজ্যিক ট্রাকের চলাচল কমিয়ে দেবে; গতিশীলতা, ক্রিয়াকলাপ, এবং নিরাপত্তাকে উন্নত করবে; এবং দেশের সব য়ে বেশি হাঁপানির হার সহ সম্প্রদায়গুলির মধ্যে একটি, সাউথ ব্রঙ্কসের বাতাসের নিম্ন মান কমাতে সাহায্য করবে। প্রকল্পটি নতুন বা আপগ্রেড করা আমেরিকানদের প্রতিবন্ধী আইন (Americans with Disabilities Act, ADA) অনুবর্তী নিষেধাজ্ঞা, মিডিয়ান, ফুটপাথ, ক্রসওয়াক এবং ট্রাফিক সিগন্যালের উন্নতিসাধনও স্থাপন করবে; এবং একটি নতুন 1.5-মাইলের শেয়ার করা-ব্যবহারের পথ তৈরি করবে যা 138তম স্ট্রিট বাইক পাথের সাথে র‍্যান্ডালস আইল্যান্ড, ম্যানহ্যাটান এবং ব্রঙ্কস রিভার গ্রিনওয়ের দিকে একটি সংযোগ প্রদান করে।

**বিদ্যমান ইনার লুপ নর্থ ফ্রিওয়েকে রচেস্টার শহরের একটি কমিউনিটি বুলেভার্ডে রূপান্তর করা হচ্ছে** - ইনার লুপ নর্থ প্রকল্পটি 2017 সালে ইনার লুপ ইস্ট প্রকল্পের সফল সমাপ্তির উপর ভিত্তি করে রচেস্টার শহরের ইনার লুপ ফ্রিওয়ের অপসারণকে সম্পূর্ণ করবে। নতুন ইনার লুপ নর্থ রেইজিং প্রজেক্ট রচেস্টার ডাউনটাউনের মধ্যে বিচ্ছিন্ন সম্প্রদায়গুলিকে সম্পূর্ণরূপে পুনরায় সংযুক্ত করবে; জেনেসি নদী এবং হাই ফলস ডিস্ট্রিক্টের সাথে সরাসরি

সংযোগ প্রদান করবে; ROC দ্য রিভারওয়ে প্রোগ্রাম থেকে প্রাপ্ত বিনিয়োগ সংযুক্ত এবং প্রসারিত করে; মাল্টি-মোডাল সংযোগের উন্নয়নকে সমর্থন করবে; নতুন বিশ্ব-মানের সবুজ স্থান তৈরি করবে; এবং নতুন ইনফিল ডেভেলপমেন্ট সহ অর্থনৈতিক উন্নয়নের সুযোগের ক্ষেত্রে সুবিধা প্রদান করে।

**সাইরাকিউজে I-81 কমিউনিটি গ্রিড প্রকল্পের নির্মাণ শুরু হওয়া** - ইন্টারস্টেট 81 প্রকল্প এলাকাটি সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চল, বিশেষ করে ডাউনটাউন সাইরাকিউজ অঞ্চলের জন্য একটি অপরিহার্য ভ্রমণের করিডোর হিসাবে কাজ করে। বিদ্যমান উত্তোলিত কাঠামো অপসারণ এবং নতুন কমিউনিটি গ্রিডের নির্মাণ ইন্টারস্টেট হাইওয়ে সিস্টেমের নির্মাণের ফলে চারপাশের এলাকাগুলির জন্য সমতা এবং অর্থনৈতিক সুযোগ বাড়ানোর জন্য গভর্নর হোকলের অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করে। প্রকল্পটি নতুন গ্রিনস্পেসও তৈরি করবে এবং শহরের কেন্দ্রস্থলে সমস্ত বয়সের এবং ক্ষমতার ব্যবহারকারীদের জন্য নিরাপদ পথচারীর এবং সাইকেলের অ্যাক্সেস প্রদান করবে।

**চারপাশের এলাকাগুলি পুনরায় সংযুক্ত করতে এবং খোলা জায়গা বাড়াতে ক্রস-ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের কিছু অংশ কভার করা -** ক্রস-ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে 1948 সালে নির্মাণের পর থেকে ব্রঙ্কসের সম্প্রদায়গুলিকে বিভক্ত করেছে। একটি প্রধান বাণিজ্যিক শিপিং করিডোর হিসাবে, এক্সপ্রেসওয়েটি এই এলাকায় প্রতিদিন 175,000 ট্রাক নিয়ে আসে, যা পার্শ্ববর্তী এলাকার 250,000-এরও বেশি বাসিন্দাদের বায়ুর গুণমানকে ক্ষতিগ্রস্ত করে। ক্রস-ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের উপর একটি পার্ক নির্মাণের দীর্ঘ প্রতীক্ষিত প্রচেষ্টা ভায়াডাক্ট নির্মাণের ফলে বিচ্ছিন্ন সম্প্রদায়গুলিকে পুনরায় সংযুক্ত করবে, নতুন উন্মুক্ত সর্বজনীন স্থান তৈরি করবে, সাইকেল এবং পথচারীদের নিরাপত্তা বাড়াবে, স্থানীয় রাস্তায় নিরাপত্তার উন্নতি করবে এবং শব্দের দূষণ, বায়ু দূষণ এবং তাপ দূষণ সংক্রান্ত বর্তমান প্রতিকূল প্রভাবগুলি হ্রাস করবে। গভর্নর হোকল ব্যক্তিগতভাবে এই লক্ষ্যগুলি অর্জনের জন্য এক্সপ্রেসওয়ের অংশগুলিকে ডেকিঙ করার সম্ভাব্যতা অধ্যয়ন করতে নিউ ইয়র্ক সিটির সাথে অংশীদারিত্ব করতে অঙ্গীকারবদ্ধ। এই পদক্ষেপটি ব্রঙ্কসের বাসিন্দাদের শারীরিক ও অর্থনৈতিক বাধা দূর করার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রতিনিধিত্ব করে।

**সিনেটর চাক শুমার বলেছেন,** "নিউ ইয়র্ক এবং সারা দেশে, ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে, সাইরাকিউজের I-81, বাফেলোর কেনসিংটন এবং স্কাজাকুয়াডা এক্সপ্রেসওয়ে এবং রচেস্টারের ইনার লুপের মতো হাইওয়েগুলি প্রায়শই নিম্ন-আয়ের এলাকা এবং কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের মধ্যে দিয়ে নির্মিত হয়েছে, যার ফলে শহরগুলি বিভক্ত হয়েছে, সব চেয়ে বেশি প্রয়োজনে থাকা মানুষদের জন্য বিনিয়োগ সীমিত করেছে, এবং যাতায়াত করা যানবাহন থেকে ঘনীভূত বায়ু দূষণের ফলে সম্প্রদায়ের স্বাস্থ্যের উপর বিধ্বংসী প্রভাব ফেলেছে। পরিকাঠামোর উচিত সম্প্রদায়গুলিকে গড়ে তোলা, তাদের বিভক্ত করা নয়। এই কারণেই আমি দ্বিপক্ষীয় পরিকাঠামো এবং চাকরির আইনের অংশ হিসাবে একটি নতুন ফেডারেল পুনঃসংযোগ সম্প্রদায় প্রোগ্রাম তৈরি করাকে অগ্রাধিকার দিয়েছি যা এই ধরনের গুরুত্বপূর্ণ প্রকল্পগুলিতে উত্সর্গীকৃত অর্থ প্রদানের জন্য আমি বন্দোবস্ত করেছি। পরিকাঠামো এবং চাকরির বিলের মাধ্যমে বহু বিলিয়ন ডলারের ফেডারেল তহবিল সরবরাহ করতে পেরে আমি গর্বিত যেগুলি রাজ্য জুড়ে বহুদিন ধরে

অবহেলিত সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করার জন্য এই প্রচেষ্টাগুলিকে এগিয়ে নেওয়ার জন্য অপরিহার্য হবে।"

**সিনেটর কার্স্টেন গিলিব্র্যান্ড বলেছেন,** "নিউ ইয়র্ক স্টেট এবং জাতি জুড়ে বহু হাইওয়ে প্রকল্প কৃষ্ণাঙ্গ সম্প্রদায়গুলির মধ্যে দিয়ে গেছে, যার ফলে আশেপাশের এলাকাগুলিকে ছিন্নভিন্ন হয়েছে, বাসিন্দাদের বাস্তুচ্যুত করেছে এবং অর্থনৈতিক উন্নয়ন স্থগিত করেছে। এই ঐতিহাসিক বিনিয়োগ সেই অন্যায়গুলোর প্রতিকার করার প্রক্রিয়া শুরু করবে। আমি গভর্নর হোকলের কাজকে সাধুবাদ জানাই এবং নিউ ইয়র্কের পরিকাঠামোতে বিনিয়োগের জন্য প্রয়োজনীয় সংস্থানগুলি পেতে ফেডারেল স্তরে লড়াই চালিয়ে যাবো যা সম্প্রদায়গুলিকে একত্রিত করে এবং আমাদের শহরগুলিকে পুনরুজ্জীবিত করে। ঐতিহাসিকভাবে বাদ পড়া সম্প্রদায়গুলির জন্য একটি ন্যায়সঙ্গত পরিবেশগত এবং অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য আমাদের লড়াই চালিয়ে যেতে হবে।"

**প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেছেন,** "এটা বলা হয় যে নির্মিত পরিবেশটি নিরপেক্ষ নয়, এটি হয় আঘাত করে বা নিরাময় করে। অতীতের পরিবহনের সিদ্ধান্তগুলি ওলমস্টেড পার্কল্যান্ডের বহু একর বিধ্বস্ত করেছে এবং আশেপাশের এলাকাগুলোকে বিদীর্ণ করেছে। গভর্নর ক্যাথি হোকলের দূরদৃষ্টি এবং নেতৃত্বকে ধন্যবাদ যে সেই দিনগুলি শেষ হয়েছে। এক সাথে কাজ করে আমরা ঐতিহাসিক ভুলগুলি সংশোধন করতে এবং সম্প্রদায়গুলিকে একত্রিত ও শক্তিশালী করতে পরিকাঠামোতে বিনিয়োগ করতে আমাদের আগে নৈতিক বাধ্যবাধকতা পূরণ করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

**প্রতিনিধি জো মোরেলে বলেছেন,** "এটি একটি রূপান্তরমূলক বিনিয়োগ যা ডাউনটাউন রচেস্টারকে ঐক্যবদ্ধ করবে এবং এমন সময়ে আমাদের শহরের কেন্দ্রকে শক্তিশালী করবে যখন আমাদের কোভিড-19 মহামারীর প্রভাবের থেকে পুনরুদ্ধার লাভের সময় তার সব চেয়ে বেশি প্রয়োজন হবে। এই পুনঃসংযোগ আমাদের পূর্ববর্তী প্রজন্মের ভুলগুলি সংশোধন করতে সাহায্য করবে যা কেবল সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির প্রান্তিকতা আরো বৃদ্ধি করার জন্য কাজ করেছে। ইনার লুপ নর্থ প্রকল্পের সমাপ্তি দীর্ঘকাল ধরে আমার জন্য একটি প্রধান অগ্রাধিকার হয়ে থেকেছে এবং আমি এর অন্তর্ভুক্তির জন্য গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ। আমি রোচেস্টার শহরের জন্য আরও ন্যায়সঙ্গত এবং অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যত গড়ে তুলতে এক সঙ্গে কাজ করার জন্য উন্মুখ।"

**সিনেট ট্রান্সপোর্টেশন কমিটির (Senate Transportation Committee) চেয়ারম্যান স্টেট সিনেটর টিম কেনেডি বলেছেন,** "খুব বেশি আগে নয়, যখন আমি কংগ্রেসম্যান ব্রায়ান হিগিন্স, মেজরিটি লিডার পিপলস-স্টোকস, মেয়র বায়রন ব্রাউন এবং অবিশ্বাস্য রিস্টোর আওয়ার কমিউনিটি কোয়ালিশনে (Restore Our Community Coalition) যোগ দিয়েছিলাম যাতে 33-এর একটি দ্রুত EIS করার আহ্বান জানানো হয়। এটি একটি ঐক্যবদ্ধ ফ্রন্ট ছিল: রাজ্য, ফেডারেল এবং সম্প্রদায়ের অংশীদাররা কেনসিংটন এক্সপ্রেসওয়ের পুনঃকল্পনা করার জন্য আহ্বান জানায়। আজ, গভর্নর হোকল সেই অগ্রগতি প্রদান করেছেন। যখন ফেডারেল এবং রাজ্যের অর্থ এই জাতীয় প্রকল্পগুলির জন্য উপলব্ধ হবে তখন আমাদের কাজ শুরু করার জন্য প্রস্তুত থাকতে হবে। এই অধ্যয়নটি আমাদের এটি অর্জনের এক ধাপ কাছাকাছি নিয়ে যাবে।"

**স্টেট সিনেটর শন রায়ান বলেছেন,** "বাফেলোর ইস্ট সাইডের কেন্দ্রস্থলের মধ্য দিয়ে কেনসিংটন এক্সপ্রেসওয়ে নির্মাণের ফলে আশেপাশের এলাকাগুলি বিভক্ত করেছে এবং বাসিন্দাদের বিচ্ছিন্ন করেছে যার ফলে সম্প্রদায়ের দীর্ঘস্থায়ী ক্ষতি হয়েছে যা 50 বছরেরও বেশি সময় পরেও অব্যাহত রয়েছে। স্কাজাকুয়াডা করিডোরকে রূপান্তরের কাজ এগিয়ে নিয়ে যাওয়ার সাথে, আমি কেনসিংটন এক্সপ্রেসওয়ের ভবিষ্যত সম্পর্কে আজকের ঘোষণা উদযাপন করতে পেরে আনন্দিত। এই হাইওয়েগুলি আমাদের ল্যান্ডস্কেপকে ক্ষতবিক্ষত করেছে এবং ফ্রেডরিক ল্য ওলমস্টেডের কল্পিত দৃষ্টি ধ্বংস করেছে। ডেলাওয়্যার পার্ক এবং হামবোল্ট পার্কওয়ে পুনরুদ্ধার করা এবং আমাদের আশেপাশের এলাকাগুলিকে পুনরায় সংযুক্ত করা বাফেলোর জন্য একটি ঐতিহাসিক বিজয় হবে। আমাদের সম্প্রদায়গুলিকে পুনঃসংযোগের গুরুত্ব স্বীকার করার জন্য, এবং এই বিরল সুযোগের সদ্ব্যবহার করার উদ্দেশ্যে পরিবর্তন করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই যা আগামী প্রজন্মের জন্য বাফেলোবাসীদের জীবনকে উন্নত করবে।"

**বিধানসভার সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেছেন,** "রুট 33 কভার করা হল কেনসিংটন এক্সপ্রেসওয়ের দ্বারা করা প্রজন্মগত ক্ষতির মোকাবেলা করার একটি অনন্য সুযোগ, যখন এটি মার্টিন লুথার কিং এবং হ্যামলিন পার্কের এলাকাগুলিকে বিদীর্ণ করেছিল এবং বিচ্ছিন্ন করেছিল। দৈনিক 70,000টি গাড়ির ট্র্যাফিক বাসিন্দাদের স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব ফেলেছে এবং সম্পত্তির মান কমিয়েছে। কেনসিংটন এক্সপ্রেসওয়ের পরিকাঠামোগত চাহিদাগুলি পূরণ করার সাথে সাথে এই সম্প্রদায়গুলিকে পুনরুদ্ধার করা জাতিগত ন্যায়বিচার, জীবনযাত্রার মান, পরিবেশগত স্বাস্থ্য এবং সম্প্রদায়ের উন্নয়নেরও বিষয়। এটি আশেপাশের এলাকাগুলোকে পুনরায় একত্রিত করার এবং কয়েক দশকের পুরনো ক্ষত নিরাময়ের উদ্দেশ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে। কেনসিংটন এক্সপ্রেসওয়ে/ROCC প্রকল্পের সমাধানে আমাদের 15 বছরের প্রচেষ্টায় যোগদানের জন্য আমি গভর্নর হোকলের নেতৃত্ব এবং সমর্থনকে সাধুবাদ জানাই এবং প্রশংসা করি।"

**এরি কাউন্টির নির্বাহী মার্ক সি. পোলোনকারজ বলেছেন,** "অতীতের পরিকাঠামোগত ভুলগুলি মেরামত করা সম্প্রদায়গুলিকে পুনরায় সংযুক্ত করার এবং আমাদের সামগ্রিক জীবনযাত্রার মান উন্নত করার দিকে একটি বড় পদক্ষেপ। গভর্নর হোকলের প্রস্তাবিত স্টেট ক্যাপিটাল প্ল্যান বাফেলোতে কেনসিংটন এক্সপ্রেসওয়ের প্রভাবগুলি এবং ভবিষ্যতকে পরীক্ষা করবে যা ঐতিহাসিক হামবোল্ট পার্কওয়ে এলাকার সাথে সংযোগ পুনরুদ্ধার করার উপায় খুঁজবে যা যানবাহন বহির্ভূত ট্র্যাফিককে সহজতর করবে এবং মানুষকে একত্রিত করবে। আমি গভর্নর হোকলকে তার কল্পিত দৃষ্টি এবং এই গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি সম্পাদন করার ইচ্ছার জন্য ধন্যবাদ জানাই যা আশা করি আমাদের মহান রাজ্য জুড়ে সম্প্রদায়গুলিকে পুনরুদ্ধারের দিকে নিয়ে যাবে।"

**বাফেলোর মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেছেন,** "কেনসিংটন এক্সপ্রেসওয়ে নির্মাণের ফলে বিচ্ছিন্ন হয়ে যাওয়া এলাকাগুলিকে পুনরায় সংযোগ করার প্রক্রিয়াটি শুরু করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। এটি বাফেলোকে একটি অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায়সঙ্গত শহর তৈরি করার জন্য আমাদের দীর্ঘস্থায়ী প্রচেষ্টাগুলির ক্ষেত্রে একটি মাইলফলকের মুহূর্ত।

শারীরিকভাবে এই সম্প্রদায়গুলিকে আবার একত্রিত করা আসন্ন প্রজন্মগুলির জন্য অসাধারণ আর্থ-সামাজিক, চাক্ষুষ, সামাজিক এবং মানসিক সুবিধা নিয়ে আসবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন